

■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬২৫

১৮. بَيْبَانَةُ الْبَيْوَعِ (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৪৯. অভাবী ব্যক্তিকে (খণ্ড আদায়ে) অবকাশ প্রদান প্রসঙ্গে

بَابِ فِي إِنْظَارِ الْمُعْسِرِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ أَخْبَرَنَا يُونُسُ عَنْ الزُّهْرِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ كَعْبٍ عَنْ أَبِيهِ أَنَّهُ تَقَاضَى أَبْنَ أَبِيهِ حَدْرَدٍ دَيْنًا كَانَ لَهُ عَلَيْهِ فِي الْمَسْجِدِ فَارْتَفَعَتْ أَصْنَوَاتُهُمَا حَتَّى سَمِعَهَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ فِي بَيْتِهِ فَخَرَجَ إِلَيْهِمَا فَنَادَى يَا كَعْبُ قَالَ لَبِّيْكَ يَا رَسُولَ اللَّهِ فَقَالَ ضَعْ مِنْ دِينِكَ فَأَوْمَأْ إِلَيْهِ أَيْ الشَّطَرَ قَالَ قَدْ فَعَلْتُ قَالَ قُمْ فَاقْضِيهِ

বাংলা

২৬২৫. কা'ব রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি মসজিদের ভিতরে ইবনু আবু হাদরাদ-এর নিকট তাঁর পাওনা খণ্ডের তাগাদা করলেন। দু'জনের মধ্যে এ নিয়ে বেশ উচ্চস্বরে কথাবার্তা হলো। এমনকি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর ঘর হতেই তাদের কথার আওয়ায শুনলেন এবং তিনি তাদের নিকট বেরিয়ে গেলেন। আর ডাক দিয়ে বললেনঃ “হে কা'ব! তিনি উত্তর দিলেন, আমি হায়ির আছি, ইয়া রাসূলাল্লাহ! আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ “তোমার পাওনা খণ্ড হতে এতটুকু কমিয়ে দাও।” এ বলে তিনি হাতে ইঙ্গিত করে বোঝালেন, অর্থাৎ অর্ধেক পরিমাণ। তখন কা'ব রাদিয়াল্লাহু আনহু বললেনঃ আমি তাই করলাম। তিনি (ইবনু আবু হাদরাদকে) বললেনঃ “উঠে গিয়ে বাঁকীটা পরিশোধ করে দাও।”[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আহমাদ ৬/৩৯০; বুখারী, সালাত ৪৫৭, ৪৭১; খুসমাত ২৪১৮, সুলহ ২৭১০; মুসলিম, মাসাকাত ১৫৫৮; নাসাই, আদাবুল কায়ী ৮/২৪০; ইবনু মাজাহ, সাদাকাহ ২৪২৯; তাবারাণী, কাবীর ১৯/৬৭ নং ১২৭; আবু দাউদ, আকঘিয়া ৫৩৯৫; বাইহাকী, সুলহ ৬/৬৩-৬৪; বাগাবী, শারভস সুন্নাহ নং ২১৫১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ কা'ব ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82910>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন